

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে এ কার্যালয়ের কর্মপরিকল্পনা:

ডিজিটাল বাংলাদেশ রূপকল্পে ২০২১ এর সফল বাস্তবায়নের ধারাবাহিকতায় সরকার এখন ২০৪১ সালের মধ্যে উদ্ভাবনী ও জ্ঞানভিত্তিক অর্থনীতির স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বিভিন্ন কর্মপরিকল্পনা প্রণয়ন ও উদ্ভাবনী ধারণা বাস্তবায়নসহ নানাবিধ কাজ করছে। ২০৪১ সাল নাগাদ একটি সাশ্রয়ী, টেকসই, বুদ্ধিদীপ্ত, জ্ঞানভিত্তিক, উদ্ভাবনী, স্মার্ট বাংলাদেশ গড়াই সরকারের লক্ষ্য। সরকারের লক্ষ্যসমূহ পূরনে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের কার্যক্রমসমূহ স্মার্ট করণের উদ্যোগ নিতে হবে। বোর্ডের কার্যক্রমের সাথে সামঞ্জস্য রেখে গৃহিত কর্মপরিকল্পনা নিম্নরূপ:

ক্রমিক	কর্মপরিকল্পনা	বাস্তবায়ন পদ্ধতি	মন্তব্য
০১	সকল ডিজিটাল সেবাকে কেন্দ্রীয়ভাবে সমন্বিত ক্লাউড কম্পিউটিং এর আওতায় নিয়ে আসার উদ্যোগ গ্রহণ।	সাধারণ চিকিৎসা অনুদান ব্যতীত বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সকল ডিজিটাল সেবা কেন্দ্রীয়ভাবে সমন্বিত ক্লাউড কম্পিউটিংএর আওতায় রয়েছে। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয় কর্তৃক সাধারণ চিকিৎসা অনুদান কেন্দ্রীয়ভাবে সমন্বিত ক্লাউড এর আওতায় আনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।	
০২	জাল-জালিয়াতি প্রতিরোধে কৃত্রিম বুদ্ধিমত্তা বা আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স এর প্রয়োগ করা।	বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক প্রদত্ত বিভিন্ন সেবা প্রদানের ক্ষেত্রে অনুদানের অনলাইন আবেদন ও অর্থ ছাড় করনে জাল-জালিয়াতি সনাক্তকরণ এবং প্রতিরোধের লক্ষ্যে মেশিন লার্নিং ও আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স প্রয়োগের মাধ্যমে স্মার্ট সিকিউরিটি নিশ্চিত করা যেতে পারে।	
০৩	পারস্পারিক প্রয়োজনে ডাটা শেয়ার করা।	এ কার্যালয় কর্তৃক সম্পাদিত সকল কার্যক্রমের তথ্য-উপাত্ত ও অন্যান্য সকল তথ্য পারস্পারিক প্রয়োজনে নিজেদের মধ্যে ডাটা শেয়ার করার জন্য বোর্ডের সকল অফিসের সাথে লিংক সংযুক্ত রাখতে হবে।	
০৪	তথ্য প্রকাশ ও সহজলভ্য করা	সম্পাদিত সকল কার্যক্রমের তথ্য-উপাত্ত ও অন্যান্য সকল তথ্য ওয়েবসাইটে হালনাগাদ আছে। প্রতিনিয়ত হালনাগাদ করা হচ্ছে। সেবা গ্রহিতা চাইলেই যেন তার কাঙ্ক্ষিত তথ্য পায় সে ব্যবস্থা করতে হবে।	
০৫	ডিজিটাল কানেক্টিভিটি	ডিজিটাল কানেক্টিভিটি হচ্ছে উন্নয়নের মহাসড়ক। এই মহাসড়কে উঠতে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, তথ্যপ্রযুক্তি বিভাগ ও সরকার কর্তৃক বাস্তবায়িত টেকনোলজির সাথে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডকে সম্পৃক্ত করতে হবে।	
০৬	স্মার্ট গভর্নেন্স	স্মার্ট গভর্নেন্স এর অংশ হিসেবে ডিজিটাল সেন্টারভিত্তিক ওয়ানস্টপ সেবা এবং কাজে সচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত অনলাইন সফটওয়্যার এবং স্মার্ট গভর্নেন্স বাস্তবায়নে অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সিস্টেম চালু করা হয়েছে। এ বিষয়ে প্রধান কার্যালয়ের সাথে সবসময় কানেক্ট থাকতে হবে।	
০৭	স্মার্ট সোসাইটি	স্মার্ট সোসাইটি গড়ে হলে কল্যাণ বোর্ড ও কল্যাণ বোর্ডের কর্মচারীদের স্মার্ট হতে হবে। এই ভিত্তির ওপর নির্ভর করে আগামী ২০৪১ সাল নাগাদ একটি সাশ্রয়ী, টেকসই, বুদ্ধিদীপ্ত, জ্ঞানভিত্তিক, উদ্ভাবনী স্মার্ট কল্যাণ বোর্ড তথা স্মার্ট বাংলাদেশ গড়ে তোলা সম্ভবপর হবে।	
০৮	স্মার্ট অফিস	'স্মার্ট বাংলাদেশ' বাস্তবায়নে অংশ হিসেবে ইতিমধ্যে এটুআই প্রকল্পের পক্ষ থেকে 'স্মার্ট অফিস' ধারণায় গাজীপুর জেলা এবং বাগেরহাটের ফকিরহাট উপজেলায় পাইলটিং চলছে। যেখানে সকল নাগরিক সেবা পাবে অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডকে একটি স্মার্ট অফিস হিসেবে গড়ে তুলতে হবে। স্মার্ট অফিস বাস্তবায়নের লক্ষ্যপূরণে যথার্থ জ্ঞান, দক্ষতা এবং যোগ্যতাসম্পন্ন সিভিল সার্ভিস গড়ে তুলতে হবে।	

২০/০৬/২০২৪

২০/০৬/২৪